অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

ওয়াইওমিং কাউন্টিতে 52 ইউনিটের একটি সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পের পুনর্বাসন সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

পেরি ভিলেজের সিলভার লেক মিডোজ উন্নত করা সুলভতা সংরক্ষণ করবে এবং জীবনের মান উন্নত করবে

এই বিনিয়োগ "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ ওয়াইওমিং কাউন্টির পেরি ভিলেজে 52 ইউনিটের একটি সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্প, সিলভার লেক মিডোজ-এর পুনর্বাসনের কাজ সম্পন্ন হয়েছে বলে ঘোষণা করেছেন। এই প্রকল্প একটি গ্রামীণ কমিউনিটিতে অতি গুরুত্বপূর্ণ আবাসন দীর্ঘ সময় ধরে টিকে থাকার বিষয়টি নিশ্চিত করবে।

"আমাদের স্টেটের আবাসন স্বল্পতা মোকাবেলার জন্য আমাদের সবগুলো কমিউনিটিতে বিদ্যমান সাশ্রয়ী বাড়িগুলো সুরক্ষিত রাখা এবং সংরক্ষণ করা আমাদের জন্য অপরিহার্য," **বলেছেন গভর্নর হোকল।** "সিলভার লেক মিডোজ-এ আমাদের বিনিয়োগ আগামী দশকগুলোতে এই উন্নয়ন প্রকল্প যাতে ওয়াইওমিং কাউন্টি কমিউনিটির জন্য অ্যাক্সেসযোগ্য ও সাশ্রয়ী থাকে তা নিশ্চিত করবে। নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য, বিশেষ করে আমাদের স্টেটের ক্রমবর্ধমান কর্মীদলের জন্য সাশ্রয়ী বাড়ি ও সংস্থানসমূহের অ্যাক্সেস উন্নত করার জন্য আমি অঙ্গীকারাবদ্ধ রয়েছি।"

গত পাঁচ বছরে, HCR ফিঙ্গার লেকস অঞ্চলে 9,000-এরও বেশি সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করেছে, যার মধ্যে ওয়াইওমিং কাউন্টির 200টিরও বেশি বাড়ি অন্তর্ভুক্ত রয়েছে। সিলভার লেক মিডোজ-এর পুনর্বাসন এই প্রচেষ্টাকে অব্যাহত রাখছে এবং গভর্নর হোকলের 25 বিলিয়ন ডলারের সমন্বিত আবাসন পরিকল্পনার পরিপূরক হিসেবে কাজ করছে যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

মূলত 1978 সালে USDA-রুরাল ডেভেলপমেন্ট সেকশন 515 (USDA-Rural Development Section 515) কর্মসূচির মাধ্যমে সিলভার লেক মিডোজ নির্মিত হয়েছিল। 52টি অ্যাপার্টমেন্টের

সবগুলো এলাকার মধ্যমান আয়ের (Area Median Income) 60 শতাংশ বা তার কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে, এবং সব পরিবারকে USDA-RD কর্মসূচির মাধ্যমে প্রকল্প ভিত্তিক ভাড়া সংক্রান্ত সহায়তা প্রদান করা হচ্ছে।

সাতটি ভবনের এই ক্যাম্পাসের পুনর্বাসন কাজের মধ্যে প্রতিটি ইউনিটের জন্য রান্নাঘর উন্নত করা; একটি কমিউনিটি রিক্রিয়েশন এরিয়া; নতুন গাটার, জানালা, ও সাইডিং স্থাপন করা; ছাদ প্রতিস্থাপন; LED লাইটিং সহ ল্যাম্পপোস্ট স্থাপন করা; বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশন; এবং সাইডওয়াক প্রতিস্থাপন করা অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) মাল্টিফ্যামিলি পারফর্ম্যান্স কর্মসূচির (Multifamily Performance Program) আওতায় কোনো প্রকল্পের দ্বারা ইউটিলিটির সামগ্রিক ব্যবহার 22 শতাংশে কমিয়ে আনার সুনির্দিষ্ট লক্ষ্য পূরণের জন্য এই ভবনগুলোর পুনর্বাসন করা হয়েছে।

আঞ্চলিক ট্রানজিট সার্ভিসের (Regional Transit Service) পেরি লাইনের পাবলিক বাস সপ্তাহের দিনগুলোতে সিলভার লেক মিডোজ-এ থামে, এবং এই সাইটের এক মাইল দূরত্বের মধ্যে একাধিক মুদিপণ্যের দোকান রয়েছে এবং এই সম্পূর্ণ রুটে অধিবাসীদের হেঁটে চলাচল করার জন্য সাইডওয়াক রয়েছে। এছাড়া সিলভার লেক মিডোজ সিলভার লেক পাবলিক বিচ থেকে 1.5 মাইল দূরত্বে এবং লেচওর্থ স্টেট পার্ক থেকে পাঁচ মাইল দূরত্বে অবস্থিত।

প্রকল্পটি ডেভেলপ করেছে ওয়াইওমিং কাউন্টি কমিউনিটি অ্যাকশন, ইনক. (Wyoming County Community Action, Inc.) এবং রচেস্টারের কর্নারস্টোন গ্রুপ (Cornerstone Group)।

এই পুনর্বাসন প্রকল্পের জন্য অর্থায়নের মধ্যে নিম্ন-আয়ের আবাসনের জন্য কর ক্রেডিট হিসেবে 5.1 মিলিয়ন ডলার এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) তরফ থেকে 930,000 ডলারের ভর্তুকি অন্তর্ভুক্ত রয়েছে। NYSERDA 36,400 ডলার পর্যন্ত তহবিল প্রদানের অঙ্গীকার করেছে। ফেডারেল হোম লোন ব্যাংক (Federal Home Loan Bank) এবং রোজ কমিউনিটি ক্যাপিটাল (Rose Community Capital) বাড়তি তহবিল সরবরাহ করেছে।

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন, "45 বছরের পুরোনো সিলভার লেক মিডোজ-এ আমাদের বিনিয়োগ এই বাড়িগুলো বসবাসের জন্য নিরাপদ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ স্থান হিসেবে বিদ্যমান থাকার বিষয়টি নিশ্চিত করছে এবং গুরুত্বপূর্ণ বিষয় হলো এটি ওয়াইওমিং কাউন্টির 50টিরও বেশি পরিবারের জন্য আগামী বছরগুলোতে একটি সাশ্রয়ী আবাসন বিকল্প প্রদান করছে। গভর্নর হোকলের আবাসন পরিকল্পনার অধীনে, আমরা গ্রামীণ ও শহুরে উভয় ধরনের প্রতিটি কমিউনিটিতে নিউ ইয়র্কবাসীর জন্য আবাসনের সুযোগ সংরক্ষণ ও সম্প্রসারণ করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছি। এই প্রকল্প সফলভাবে সম্পন্ন করায় ওয়াইওমিং কাউন্টি কমিউনিটি অ্যাকশন এবং রচেস্টারের কর্নারস্টোন গ্রুপকে অভিনন্দন।"

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "লেক মিডোজ-এর পুনর্বাসন ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা এবং নিম্ন-আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসন তৈরি করার ব্যাপারে গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার আরেকটি বলিষ্ঠ উদাহরণ। জ্বালানি দক্ষতা সংক্রান্ত পদক্ষেপসমূহ যেমন এয়ার সিলিং ইনসুলেশন, জানালা প্রতিস্থাপন, একটি সংস্কারকৃত হিটিং সিস্টেম এবং LED লাইটিং এবং সেইসাথে EV চার্জিং স্টেশনগুলোর অ্যাক্সেস অধিবাসীদেরকে ভবনের এসব উল্লেখযোগ্য উন্নয়নের সুফল অনুধাবন করার পাশাপাশি স্বাচ্ছন্দ্যপূর্ণ ও মানসম্মত বসবাসের স্থান উপভোগ করতে সাহায্য করবে।"

স্টেট সিনেটর জর্জ বোরেলো বলেন, "কমিউনিটিতে এই চমৎকার সংযোজনের জন্য অভিনন্দন! সিলভার লেক মিডোজ আকর্ষণীয় ও সাশ্রয়ী আবাসন এবং এই এলাকার অর্থনীতি ও জীবনের মানের সুফল গ্রহণ করতে চাওয়া পরিবার ও ব্যক্তিদের জন্য একটি আদর্শ আবাসন বিকল্প হয়ে উঠবে। এই মূল্যবান প্রকল্পে সহায়তার জন্য অংশীদার হওয়ায় আমি এই প্রকল্পের কো-ডেভেলপার, রচেস্টারের কর্নারস্টোন গ্রুপ এবং ওয়াইওমিং কাউন্টি কমিউনিটি অ্যাকশনকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য মারজোরি বির্নেস বলেন, "এই প্রকল্প ডেভেলপারদের মধ্যকার একটি চমৎকার সহযোগিতার সম্পর্কের প্রতিনিধিত্ব করে যা বহু পরিবারের জন্য সাশ্রয়ী আবাসন নিশ্চিত করবে এবং সমগ্র পেরি কমিউনিটিকে উপকৃত করবে।"

ভিলেজ ট্রাস্টি আর্নি লরেন্স বলেন, "ভালো মানসম্মত, সাশ্রয়ী আবাসন পাওয়া যেকোনো কমিউনিটির জন্য একটি অগ্রাধিকার। রচেস্টারের কর্নারস্টোন গ্রুপের মতো ভালো অংশীদারদের পাওয়া আমাদের কমিউনিটিকে এই লক্ষ্য পূরণে সাহায্য করছে।"

রচেস্টারের কর্নারস্টোন গ্রুপের প্রেসিডেন্ট রজার ব্র্যান্ডট বলেন, "রচেস্টারের কর্নারস্টোন গ্রুপ সিলভার লেক মিডোজ-এর পুনর্বাসন সম্পন্ন হওয়া উদযাপন করতে পেরে গর্বিত। আমরা কৃতজ্ঞ যে আমাদের তহবিলদাতা অংশীদার হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল, USDA – রুরাল ডেভেলপমেন্ট এবং অন্যরা গ্রামীণ আবাসনের গুরুত্বের জন্য অব্যাহত বিনিয়োগ প্রদান করেছেন।"

ওয়াইওমিং কাউন্টি কমিউনিটি অ্যাকশনের এক্সিকিউটিভ ডিরেক্টর ক্যারি জনসন বলেন, "আমরা যাদের সেবায় নিয়োজিত সেসব মানুষের জন্য মানসম্মত, নিরাপদ, সাশ্রয়ী আবাসন নিশ্চিত করা আমাদের গ্রামীণ কমিউনিটিতে আমাদের সম্মুখীন হওয়া সবচেয়ে বড় চ্যালেঞ্জগুলোর মধ্যে অন্যতম। রচেস্টারের কর্নারস্টোন গ্রুপ এবং বিভিন্ন ফেডারেল, স্টেট ও স্থানীয় সংস্থার সমর্থন ও অংশীদারিত্বের জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ ও গর্বিত, যারা এই নান্দনিক পুনর্বাসন কাজকে বাস্তবে রূপ দেওয়ার জন্য অত্যন্ত কঠোর পরিশ্রম করেছেন।"

ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কমিউনিটির উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক কৌশল। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং উন্নত উৎপাদন সহ মূল শিল্পগুলোতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। আরো তথ্য এখানে রয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418